


তারিখঃ ২০ জুন, ২০২২

বাংলাদেশ ব্যাংক প্রেস বিজ্ঞপ্তি

অদ্য আনুমানিক বিকাল ৬টা ২০ ঘটিকায় বাংলাদেশ ব্যাংকের (দ্বিতীয় সংলগ্নী ভবনের ৪র্থ তলা) মেডিকেল সেন্টারে শর্টসার্কিটের কারণে জরুরি ঔষধ সংরক্ষণাগারের ফ্রিজের কম্প্রেসারে আগুনের সূত্রপাত হয়। বাংলাদেশ ব্যাংকের সার্বক্ষণিক দায়িত্বে থাকা রিজার্ভ ফায়ার ব্রিগেড ইউনিট ব্যাংকের নিজস্ব ফায়ার হাইড্রেন্ট সিস্টেমের মাধ্যমে তাৎক্ষণিকভাবে আগুন নিয়ন্ত্রণে নিয়ে আসে। এতে বাংলাদেশ ব্যাংকের নথিপত্রের কোনো ক্ষয়ক্ষতি হয়নি।



জি, এম, আবুল কালাম আজাদ
নির্বাহী পরিচালক ও সহকারী মুখপাত্র
বাংলাদেশ ব্যাংক
মোবাইল: ০১৬৭৬৬৫৯৯৮৬